মেহেরপুরে জামায়াতের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে মেহেরপুরে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে জামায়াতে ইসলামীর বিরুদ্ধে।

অভিযোগে বলা হয়েছে, ভোটারদের প্রভাবিত করার উদ্দেশে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলি গ্রামে প্রায় ৪০টি টিউবওয়েল বিতরণ করা হয়েছে।

বুধবার (২১ জানুয়ারি) মেহেরপুর জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন হিজুলি গ্রামের বাসিন্দা ও বিএনপি কর্মী আব্দুল হামিদ। জেলা প্রশাসনের একটি সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

অভিযোগপত্রে উল্লেখ করা হয়, গত ২০ জানুয়ারি জামায়াতে ইসলামীর উদ্যোগে হিজুলি গ্রামের বিভিন্ন পাড়ায় টিউবওয়েল, পাইপসহ প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হয়। এতে গ্রামটির ২২ জনের নাম উল্লেখ করে মোট ৪০টি টিউবওয়েল বসানো হয়েছে বলে অভিযোগে দাবি করা হয়। অনেক বাড়িতে বর্তমানে টিউবওয়েল স্থাপন ও সংযোগের কাজ চলমান রয়েছে বলেও অভিযোগে উল্লেখ রয়েছে।

অভিযোগকারী আব্দুল হামিদ বলেন, নির্বাচনের আচরণবিধি অনুযায়ী ভোটের আগে এ ধরনের উপহার বা সুযোগ-সুবিধা বিতরণ সম্পূর্ণ নিষিদ্ধ। অথচ প্রকাশ্যে টিউবওয়েল বিতরণের ঘটনায় স্থানীয় ভোটারদের মধ্যে বিভ্রান্তি ও উত্তেজনা সৃষ্টি হচ্ছে।

অভিযোগে যাদের নাম উল্লেখ করা হয়েছে, তারা সবাই হিজুলি গ্রামের বিভিন্ন পাড়ার বাসিন্দা বলে দাবি করা হয়।

মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন বলেন, একটা এনজিও সেখানে টিউবওয়েল বিতরণ করেছে। যখন টিউবওয়েল বিতরণ করা হচ্ছিল সে সময় সেখানে স্থানীয় জামায়াতে ইসলামের দুই একজন লোক ছিল। অন্য পক্ষ এটাকে জামায়াতে ইসলামীর পক্ষ থেকে টিউবল বিতরণ দাবি করে প্রোপাগান্ডা ছড়াচ্ছে।

মেহেরপুর জেলার ধানের শীষ প্রতীকের নির্বাচনী চিফ এজেন্ট অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন বলেন, এ বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক। জেলা প্রশাসনের কাছে অনতিবিলম্বে বিষয়টির সঠিক তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি আমরা।

মেহেরপুরে গণভোটের প্রচার এবং বিভিন্ন বিষয়ে উঠান বৈঠক

মেহেরপুরে গণভোটের প্রচার এবং মাদক, চোরাচালান, অনলাইন ক্যাসিনো, আত্মহত্যা, বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক ও নারী নির্যাতনরোধে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ উঠান বৈঠক ও গণভোটের প্রচার অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং জেলা নির্বাচন অফিসার মোঃ এনামুল হক।

এছাড়া উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মুনীর, সদর উপজেলা উপ-সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইমান আলী, পল্লী উন্নয়ন অফিসার রাকিবুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেন, পুলিশ পরিদর্শক শিমুল হোসেন এবং ইউনিয়ন প্রশাসন কর্মকর্তা মোঃ সানোয়ার হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকাবাসী।

এই উঠান বৈঠকের মূল লক্ষ্য ছিল আসন্ন গণভোটে জনগণকে সচেতন ও অংশগ্রহণমূলক করে তোলা। পাশাপাশি সামাজিক ব্যাধি যেমন মাদক ব্যবসা ও চোরাচালান, অনলাইন ক্যাসিনো জুয়া, আত্মহত্যা প্রবণতা,

বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক প্রথা এবং নারী নির্যাতন রোধে সচেতনতা সৃষ্টি করা।

চুয়াডাঙ্গায় বিএনপি প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী গণসংযোগ: ‘হ্যা’ ভোটের পক্ষে প্রচার

চুয়াডাঙ্গা জেলার দর্শনার কুড়ুলগাছী ইউনিয়নের ৯টি ওয়ার্ডের বিভিন্ন পাড়া মহল্লার বাজার, চায়ের দোকান সহ বিভিন্ন মোড়ে মোড়ে নির্বাচনী গণসংযোগ করেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির ও বিজিএমইএ সভাপতি চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু।

গতকাল রবিবার বেলা সাড় ১১ টা থেকে রাত ৮টা পর্যন্ত তিনি এই নির্বাচনী গণসংযোগ করেন।

গণসংযোগে মাহমুদ হাসান খান বাবু কুড়ুলগাছী ইউনিয়নের ৯টি ওয়ার্ডের বিভিন্ন পাড়া-মহল্লায় যান। তিনি সাধারণ মানুষের সাথে কুশল বিনিময় করেন এবং ভোটারদের কাছে ধানের শীষের পাশাপাশি ‘হ্যা’ ভোটের পক্ষে প্রচারণা করেন।

গণসংযোগকালে তিনি প্রধান প্রধান বাজার ছাড়াও গ্রামের পাড়া- মহল্লার মোড়, স্থানীয় চায়ের দোকান জনসমাগমপূর্ণ বিভিন্ন স্থানে সাধারণ মানুষের সাথে কথা বলেন এবং দোয়া ও সমর্থন কামনা করেন।

গণসংযোগকালে মাহমুদ হাসান খান বাবু বলেন, দেশের গণতান্ত্রিক ধারা বজায় রাখতে এবং জনগণের অধিকার প্রতিষ্ঠায় এই নির্বাচনের গুরুত্ব অপরিসীম। তিনি ভোটারদের উৎসবমুখর পরিবেশে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানান।

তিনি বলেন, ‘হ্যা’ মানে হলো সংস্কারের পক্ষে। অনেকগুলো বিষয়

আছে যা সংস্কার করতে হবে । আপনার একটি ‘হ্যা’ ভোট, বদলে দেবে আগামীর ভাগ্য। উন্নয়ন আর অধিকারের পক্ষে, ‘হ্যা’ ভোট দিন নির্ভয়ে। সহজ কথায় ‘হ্যা’ জয়যুক্ত হলে আমার ভোটটা আমি প্রতি পাঁচ বছর পর পর নির্ভয়ে ভোটকেন্দ্রে যেয়ে ভোট দিতে পারব।

এ সময় বিএনপি ও এর অঙ্গ-সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নির্বাচন ও গণভোটের প্রাসঙ্গিক আইন ও বিধিবিধান প্রতিপালন শীর্ষক সেমিনার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ এর প্রাসঙ্গিক আইন ও বিধিবিধান প্রতিপালন শীর্ষক সেমিনার মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় সেমিনারের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন স্থানীয় সরকারের উপপরিচালক খাতুনে জান্নাত। সেমিনারে নির্বাচনের বিভিন্ন বিধিবিধান তুলে ধরে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মুহা. আবদুল্লাহ আল-আমিন, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু প্রমুখ। এছাড়াও জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতা ও মিডিয়া কর্মীরা অংশ নেন।

উদ্বোধনী বক্তব্যে জেলা প্রশাসক বলেন, এবারের নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সবাইকে সজাগ থেকে নির্বাচনী দায়িত্ব পালন করতে হবে। কেউ কাউকে ভয়ভীতি বা হুমকি-ধামকি দিলে তার বিরুদ্ধে আইনগত

ব্যবস্থা নেওয়া হবে।

প্রবীণ হিতৈষী সংঘ মেহেরপুর জেলা শাখার ত্রি-বার্ষিক কার্যনির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন

প্রবীণ হিতৈষী সংঘ, মেহেরপুর জেলা শাখার আহ্বানে অনুষ্ঠিত ত্রি-বার্ষিক নির্বাচন-২০২৬ এর মাধ্যমে ২০২৬-২০২৮ মেয়াদের জন্য ১৯ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয়েছে।

প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করে নির্বাচন পরিচালনা করেন নুরুল আহমেদ। নির্বাচনে সমসংখ্যক প্রার্থী থাকায় এবং কোনো প্রতিদ্বন্দ্বিতা না থাকায় সর্বসম্মতিক্রমে সকল প্রার্থীকে বেসরকারিভাবে বিজয়ী ঘোষণা করা হয়।

নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের সদস্যরা হলেন সভাপতি: মো. আব্দুল কালাম, সহ-সভাপতি: মো. রফিক উল আলম, মো. মশিউর রহমান, সাধারণ সম্পাদক: বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক: আব্দুস সামাদ, সাইদুজ্জামান খান সেন্টু, অর্থ সম্পাদক: আব্দুল কাদের, সাংগঠনিক সম্পাদক: প্রফেসর আব্দুল মমিন, সমাজ ও সাংস্কৃতিক সম্পাদক: মীর রওশান আলী, প্রচার প্রকাশনা, তথ্য ও গবেষণা সম্পাদক: মো. আমান উল্লাহ, নির্বাহী সদস্য: আব্দুস সালাম, মো. আশাবুল হক, মো. খালেদ সাইফুল্লাহ, মো. ফজলুল হক, মো. ইউছুফ হোসেন, আল তাজ, মো. মমতাজ উদ্দিন এবং হিতেন্দ্রনাথ বিশ্বাস।

এ বিষয়ে প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ, নির্বাচন কমিশনার বীর মুক্তিযোদ্ধা মো. মাহাতাব আলী ও অ্যাডভোকেট মো. মোখলেসুর রহমানের স্বাক্ষরিত একটি পত্রের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।

মুজিবনগরে ভোটের গাড়ি

“ভোটের চাবি আপনার হাতে”—এই স্লোগানে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও জুলাই সনদের গণভোটকে সামনে রেখে মুজিবনগরে শুরু হয়েছে ভ্রাম্যমাণ ‘ভোটের গাড়ি’ বা সুপার ক্যারাভানের কার্যক্রম। উপজেলার বিভিন্ন এলাকায় সংসদ নির্বাচন ও জুলাই সনদের গণভোট প্রদানে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

মঙ্গলবার বিকেল সাড়ে ৩ টার সময় মুজিবনগরের কেদারগন্জ বাজারে সুপার ক্যারাভানের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা সুপার ক্যারাভানের প্রদর্শনীর উদ্বোধনের মধ্যদিয়ে জেলা তথ্য অফিসের তত্ত্বাবধানে ভোটের গাড়িতে স্থাপিত এলইডি পর্দায় প্রদর্শিত নির্বাচনী ভিডিও এবং দেশাত্মবোধক গান—‘আমারই দেশ সব মানুষের’, ‘তীর হারিয়ে ঢেউয়ের সাগর পাড়ি দেব রে’, ‘রেললাইনের ঐ বস্তিতে জন্মেছিল একটি ছেলে’ ও ‘সব ক’টা জানালা খুলে দাও না’—দর্শকদের ব্যাপকভাবে আকৃষ্ট করে। প্রধান উপদেষ্টার নির্বাচনী বার্তা দিয়ে শুরু হওয়া পরিবেশনা দর্শকদের মাঝে ভোটের গুরুত্ব তুলে ধরে।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) জাহিদুল ইসলাম, আয়োজকরা জানান, সুপার ক্যারাভানের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে ভোটাধিকার ও গণতান্ত্রিক প্রক্রিয়া সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাই এ কর্মসূচির মূল লক্ষ্য।

মেহেরপুরে আজ ভোটের গাড়ির

প্রচার শুরু

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে ভোটারদের সচেতন ও উদ্বুদ্ধ করতে মেহেরপুরে আজ রোববার থেকে ‘ভোটের গাড়ি’র প্রচার কার্যক্রম শুরু হচ্ছে।

রোববার বিকেল ৩টায় শহীদ শামসুজ্জোহা পার্কে এ প্রচারণার উদ্বোধন করা হবে। এ সময় গণভোট ২০২৬, সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে এই বিষয়ে ভোটারদের মধ্যে সচেতনতামূলক বার্তা প্রচার করা হবে।

আয়োজকদের জানান, ভোটের গাড়ি’র মাধ্যমে জেলার বিভিন্ন এলাকায় ঘুরে ভোটারদের ভোটাধিকার প্রয়োগে উদ্বুদ্ধ করা হবে।

পাশাপাশি নির্বাচন ও গণভোট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য তুলে ধরে অংশগ্রহণমূলক ও উৎসবমুখর পরিবেশ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে।

ঝিনাইদহে পুস্তক প্রকাশনা ও বিক্রয় সমিতির নির্বাচন সম্পন্ন

বাংলাদেশ পুস্তক বিক্রয় ও প্রকাশনা সমিতির ঝিনাইদহ জেলা শাখার (২০২৬-২০২৭) দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। এতে রাজু বুক ডিপোর স্বত্বাধিকারী মো: মোস্তাফিজুর রহমান টিপু সভাপতি এবং উদয়ন বুক হাউস এর স্বত্বাধিকারী মোঃ মোহায়মেনুর রহমান রাজু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছে।

আজ বিকালে পুস্তক প্রকাশক ও বিক্রয় সমিতির কার্যালয়ে এই নির্বাচন সম্পন্ন হয়। জেলার পুস্তক প্রকাশনা ও বিক্রয় সমিতির সদস্যরা তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদক সহ মোট ১৭টি পদে প্রতিনিধি

নির্বাচিত হন।

এই নির্বাচনে বিজয়ী সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সকলকে ঝিনাইদহ জেলা দোকান মালিক সমিতি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও বিভিন্ন পেশাজীবী সংগঠন তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

কোন পেশীশক্তি নির্বাচন বিঘ্নিত করতে পারবে না

খুলনা বিভাগীয় কমিশনার মোঃ মোখতার আহমেদ বলেছেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পেশীশক্তি মোকাবেলা ও কোন অপশক্তি যাতে নির্বাচন বিঘ্নিত না করতে পারে সে ব্যাপারে খুলনা বিভাগের ১০ জেলায় নির্বাচন কমিশনের নির্দেশনা কঠোরভাবে বাস্তবায়ন করা হবে।

আজ শনিবার (২০ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ শহরের চাকলাপাড়াস্থ সার্কিট হাউস এলাকায় পরিবেশ বান্ধব ফলের বাগান ও সৌন্দর্য্যবর্ধন প্রকল্প উদ্বোধন শেষে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

বিভাগীয় কমিশনার আরো বলেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন গ্রহনযোগ্য, সুষ্ঠ, অবাধ ও শান্তিপুর্ণ করতে সম্ভব সব কিছু সম্পন্ন করা হয়েছে। নির্বাচন কমিশনের আইনকানুন ও প্রণীত নীতিমালা কঠোরভাবে অনুসরণ করা হবে।

এ সময় অতিরিক্ত বিভাগীয় কমিশনার আবু সায়েদ মোঃ মনজুর আলম, ঝিনাইদহ জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, পুলিশ সুপার মোঃ মাহফুজ আফজাল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক রথীন্দ্র নাথ রায়, উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবীসহ প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বিভাগীয় কমিশনার মোঃ মোখতার আহমেদ বলেন, ঝিনাইদহের মানুষ বেশি আবেগপ্রবণ। তবে তারা আইনের প্রতি শ্রদ্ধাশীল। তিনি আশা করেন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সফল করতে জেলার মানুষ শতস্ফুর্তভাবে এগিয়ে আসবেন।

একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করাই আমাদের লক্ষ্য

খুলনা বিভাগীয় কমিশনার মোঃ মোখতার আহমেদ বলেছেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্ট সকল দপ্তরের সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে ভোটারদের নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগের সুযোগ সৃষ্টি করতে হবে।

শনিবার বিকাল সাড়ে ৩টায় জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর সার্কিট হাউস মিলনায়তনে জেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিভাগীয় কমিশনার বলেন, শতাব্দীর সেরা সংসদ নির্বাচন উপহার দেওয়া এবং গণভোট নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে সরকারি কর্মকর্তাদের নিষ্ঠা, নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।

তিনি আরও বলেন, নির্বাচন একটি সাংবিধানিক পবিত্র দায়িত্ব। জনগণের ভোটাধিকার যেন কোনোভাবেই বাধাগ্রস্ত না হয়, সেদিকে প্রশাসনকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। নির্বাচনকে কেন্দ্র করে প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্ট সকল দপ্তরের সমন্বিত ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি বলেন, নির্বাচন-সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নিরপেক্ষতা, সততা ও পেশাদারিত্বের সঙ্গে কাজ করতে হবে। পাশাপাশি গণভোট ও পোস্টাল

ভোটের বিষয়ে ব্যাপকভাবে প্রচার-প্রচারণা চালানোর ওপর তিনি গুরুত্ব আরোপ করেন।

জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। পুলিশ সুপার বলেন, নির্বাচনের সময় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করবে।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতীম শীল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সনজীব মৃধাসহ জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ।

সভায় আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্যভাবে সম্পন্ন করতে করণীয়, প্রশাসনিক প্রস্তুতি ও আন্তঃদপ্তর সমন্বয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।